বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং-প্রকা/হিসাব-০১/কর শাখা-০৩/২০১৫-২০১৬/১১৫০ তারিখঃ ০১-১১-২০১৫

০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০২। উপ-মহাব্যবস্থাপক, এলপিও সহ সকল কর্পোরেট শাখাসমূহ।
০৩। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আয়কর অ ধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩এফ ধারা অনুযায়ী উৎসে আয়কর কর্তনপূর্বক কর্তিত আয়করের অর্থ সরকারী হিসাব কোড নম্বর- ১-১১৪১-০০০১-০১০১(কোম্পানীসমূহ) ও ১-১১৪১-০০০১-০১১১ (কোম্পানীব্যতীত) তে জমাকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পরিদর্শী অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়, পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-১, ঢাকা ২য় ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা ঢাকা'র নথি নং-রে-১/কঅ-১/৫৩এফ/ ১৭এইচ/ ২০১৪-২০১৫/৩৩৬ তারিখঃ ২৪-০৩-২০১৫ এর নির্দেশনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি এতদসংগে সংযুক্ত করা হলো।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

০১/১১/১৫
(মোঃ সাইফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব-০১/কর শাখা-০৩/২০১৫-২০১৬/১১৫০(৪২৫০) তারিখঃ ০১-১১-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, টিআই, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

01/11/15
(কাজী শাহ আলম)
সহকারী মহাব্যবস্থাপক

D:\Letter Endrosment.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিদর্শী অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়
পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-১, ঢাকা।
২য় ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- রে-১/কঅ-১/৫৩এফ/১৭এইচ/২০১৪-২০১৫/ ৮৬৮ তারিখঃ ২৪/০৩/২০১৫খ্রি.

ব্যবস্থাপনা পরিচালক/সিইও/কান্ট্রি হেড
বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল (৩য় তলা) বা/এ, ঢাকা

বিষয় ঃ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩এফ ধারা অনুযায়ী উৎসে আয়কর কর্তন পূর্বক কর্তিত আয়করের অর্থ সরকারী হিসাব কোড নম্বর- ১-১১৪১-০০০১-০১০১(কোম্পানীসমূহ) ও ১-১১৪১-০০০১-০১১১(কোম্পানী ব্যতীত) তে জমাকরন প্রসংগে।

সূত্র ঃ ১। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকার পত্র নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১২,তারিখঃ ২৯/০৭/২০১২খ্রি.

আদিষ্ট হইয়া উপর্যুক্ত বিষয় ও সূত্র সমুহের প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করা হইল।

সূত্রে বর্ণিত জাতীয় রাজস্ব বোর্ডের অধিক্ষেত্র সম্পর্কিত আদেশ অনুযায়ী আপনার ব্যবস্থাপনাধীন প্রতিষ্ঠানের বিভিন্ন সঞ্চয়ী/মেয়াদী/স্থায়ী আমানতের বিপরীতে পরিশোধিত সুদ/মুনাফার উপর আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩এফ ধারা অনুযায়ী উৎসে কর্তিত আয়কর জমা ও সংগ্রহের অধিক্ষেত্র কর অঞ্চল-১, ঢাকার উপর ন্যস্ত করা হইয়াছে। ডিপিএস, এসডিপিএস, এমএসএস, মিলিনিয়ার স্কীম, ডাবল বেনিফিট স্কীম ইত্যাদি বিভিন্ন নামে পরিচালিত বিভিন্ন ধরনের মেয়াদী আমানতের হিসাবসমূহে মাসিক/ষান্মাষিক/বাৎসরিক ভিত্তিতে সুদ/মুনাফার অর্থ পরিশোধ করা হইলেও মেয়াদ পুর্তি না হওয়ার কারণে পরিশোধিত সুদ/মুনাফার উপর উৎসে আয়কর কর্তন পূর্বক জমা করা হইতেছে না যাহা দাখিলকৃত/সংগৃহীত উল্লেখিত ধরনের ব্যাংক হিসাব বিবরণী পরীক্ষায় পরিলক্ষিত হয়। উল্লেখিত ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩এফ ধারার বিধানটি নিম্নরূপঃ [3][**53F. Deduction at source from interest on *saving deposits* and fixed deposits, etc.**- (1) Any person responsible for paying to a resident any sum by way of interest or share of profit on any saving deposits or fixed deposits or any term deposit maintained with any Scheduled bank including a co-operative bank or any bank run on Islamic principles or non-banking financial institution or any leasing company or housing finance company, as the case may be, **shall deduct, at the time of credit of such interest or share of profit to the account of the payee or at the time of payment thereof, whichever is earlier**, income tax on such sum at the rate of-

(a) ten percent where the person receiving such interest or share of profit furnishes his [4][twelve-digit Taxpayer's Identification Number] (TIN) to the payer; or

(b) fifteen percent where the person receiving such interest or share of profit fails to furnish his [5][twelve-digit Taxpayer's Identification Number] (TIN) to the payer:

*Provided that the rate of deduction of tax shall be ten percent in case of saving deposit of which balance does not exceed taka one lakh at any time in the year.*

(2) Nothing contained in this section shall apply-

(a) to interest or share of profit arising out of any deposit pension scheme sponsored by the Government or by a scheduled Bank with prior approval of the Government; or

(b) to such payee or class of payees as the Board may, by a general or special order, specify in this behalf.]

এমতাবস্থায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩এফ ধারার বিধান অনুযায়ী নির্ধারিত সময়ে উৎসে আয়কর কর্তন ও কর্তিত আয়করের অর্থ উপরে উল্লেখিত হিসাব কোডে জমাকরন নিশ্চিত করার জন্য আপনাকে সনির্বন্ধ অনুরোধ জানানো হইল।

অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহে আপনার সর্বাত্মক সহযোগিতা কামনা করিতেছি।

২৪/০৩/১৫
(এ, কে, এম, হাসানুজ্জামান)
অতিরিক্ত কর কমিশনার
ও
সমন্বয়কারী, উৎসে কর কর্তন যাচাই সংক্রান্ত কমিটি
কর অঞ্চল-১, ঢাকা।
ফোন ঃ ৯৩৩৬১৪৮